

আন্তর্জাতিক শিক্ষামেলার উদ্বোধনাতে বক্তারা উন্নত জাতি গঠনের প্রধান শর্ত উন্নত প্রযুক্তিতে মেধাবীদের অংশগ্রহণ

স্টাফ রিপোর্টার : এসএসবিসিএল-এর আয়োজিত ৬ষ্ঠ আন্তর্জাতিক শিক্ষা মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেছেন, বিশ্বায়নের এই যুগে উন্নত জাতি গঠন করতে হলে উন্নত প্রযুক্তি ও সংস্কৃতি সম্পর্কে মেধাবীদের পরিচয় নিশ্চিত করতে হবে। দেশের জনসংখ্যাকে দক্ষ জনশক্তি রূপান্তরের জন্য উন্নত দেশের মডেলকে কাজে লাগানো জরুরী। শিক্ষা ও সংস্কৃতিকে সমৃদ্ধ করা সম্ভব হলে এদেশের জাতীয় সংকেট নিরসন সম্ভব হবে। তারা বলেন, উচ্চশিক্ষার্থে বিদেশে গিয়ে আমাদের শিক্ষার্থীরা বিভিন্ন প্রতিযোগিতায় জাগ্রত ফল করছে। অনেক খরচ করে পড়তে গেলেও পরবর্তীতে তারা আমাদের রেজিটেশনে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। তাই উন্নত দেশগুলোতে উচ্চশিক্ষার প্রতিদ্বন্দ্বিতা আরো সহজ করার পদক্ষেপ নেয়ার জন্য বক্তারা সরকারের প্রতি আহ্বান জানান। গতকাল (৩১শ্বর) রাধধানীর হোটেল শেরাটনে তিন দিনব্যাপী শিক্ষা মেলার উদ্বোধন হয়।

এসএসবিসিএল-এর চেয়ারম্যান সুমন তালুকদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সিএম শফি সাদি, বিশেষ অতিথি মালয়েশিয়ার হাইকমিশনার দাতো আবদুল মালেক বিন আবদুল আজিজ, আমার দেশ সম্পাদক আমানুল্লাহ কবির, তুর্কির রাষ্ট্রদূত বোরাক আর সয়ো, কাজার এয়ারওয়েজের এরিয়া ম্যানেজার আব্দুল জাহেদী, ইস্টার্ন ব্যাংকের কর্নকর্ভর মামুনি-মাহমুদ শাহ প্রমুখ। সিএম শফি সাদি বলেন, মেধাবী শিক্ষার্থীদের নতুন প্রযুক্তি, বিজ্ঞান ও সংস্কৃতির সঙ্গে যোগাযোগ করিয়ে দেয়া সম্ভব হলে ভারতীয় জাতিকে উন্নতির দিকে নিয়ে যেতে পারে। জাতিকে সমৃদ্ধ করতে সরকারের পাশাপাশি বিভিন্ন সামাজিক সংগঠনেরও এই দায়িত্ব পালন করা উচিত। এসএসবিসিএল শিক্ষা মেলায় আয়োজন করে আমাদের মেধাবীদের উন্নত দেশে উচ্চশিক্ষার পথকে সুগম করার যে উদ্যোগ নিয়েছে তা প্রশংসনীয়।

দাতো আবদুল মালেক বিন আবদুল আজিজ বলেন, যুক্তরাষ্ট্র, যুক্তন ও অস্ট্রেলিয়ার আদলে গানসম্মত শিক্ষাকে গ্রহণে ইস্যুতে পরিণত করার উদ্যোগ নিয়েছে মালয়েশিয়া। মালয়েশিয়ায় অধ্যয়নরত ৭০ হাজার বিদেশী ছাত্রের মধ্যে ৭ হাজার বাংলাদেশী। আমানুল্লাহ কবির বলেন, জনসংখ্যাকে দক্ষ জনসম্পদে পরিণত করার মতো শিক্ষানীতি এখনও আমাদের দেশে চালু করা হয়নি। নতুন নতুন উদ্ভাবন ও সৃষ্টিশীল শিক্ষাকে গুরুত্ব দিয়ে বিশ্বের অনেক দেশ উন্নত দেশে পরিণত হলেও সেসব দেশে দক্ষ জনশক্তির ঘাটতি রয়েছে। আমাদের মেধাবীদের ওইসব দেশে পাঠাতে হবে।

সুমন তালুকদার বলেন, আমাদের মেধাবীরা উচ্চশিক্ষার্থে বিদেশে যেতে চায়। কিন্তু প্রয়োজনীয় তথ্য ও যথাযথ সহযোগিতা পায় না। যে কারণে অনেক মেধাবী উচ্চশিক্ষার উদ্যোগ নিয়েও ব্যর্থ হয়। তিনি বলেন, উচ্চ শিক্ষা গ্রহণে শুধু শিক্ষার্থীদের বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের জর্তি তথ্য সরাসরি জানাতে এই শিক্ষা মেলার আয়োজন করা হয়েছে। আয়োজকরা জাভান, এবারের মেলায় আমেরিকা, কানাডা, ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, জার্মানি, পোল্যান্ড, ফ্রান্স, ইতালী, হাঙ্গেরী, স্পেনসহ ৩০টি শিক্ষা প্রতিষ্ঠান এই মেলায় অংশ নিয়েছে। এই শিক্ষামেলা আগামী রোববার পর্যন্ত চলবে। একই সুযোগ-সুবিধা নিয়ে ১৮ ও ১৯ মার্চ চট্টগ্রামের পেনিনসোলা হোটেলের শিক্ষামেলা বসবে। মেলায় ফ্লোরশিপিং, স্ট্রট এডমিশন, টিউশন ফি ছাড়, ছব প্রেসমেন্টসহ নানা ধরনের সুবিধা থাকবে শিক্ষার্থীদের জন্য।

মেলার মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে ডেইলি স্টার, দৈনিক আমার দেশ, দৈনিক জনকণ্ঠ, রেডিও টিভি, একুশ টেলিভিশন ও এসএনএন মিডিয়া লিমিটেড। শিক্ষা মেলার অংশিদারী প্রতিষ্ঠান হিসেবে থাকছে ইস্টার্ন ব্যাংক লিমিটেড ও প্রেফার্ড এয়ারলাইন্স, কাজার এয়ারওয়েজ এবং অফিসিয়াল ট্রিক অ্যান্ড কোম্পানি।